গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd

**জয়পুরহাট জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটির নভেম্বর/ ২০২৩ইং মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সালেহীন তানভীর গাজী<br>জেলা ম্যাজিস্ট্রেট<br>জয়পুরহাট। |
| স্থান | : | জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ১২/১১/২০২৩ খ্রিঃ, সময় :দুপুর ১২.১০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা করা হয়।

ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট বলেন, ডেঙ্গু রোগের জন্য ব্যবহৃত স্যালাইনের সরবরাহ কম থাকায় ফার্মেসীগুলোতে কিছুটা সংকট দেখা দিয়েছে। ফার্মেসীগুলোতে প্রাপ্ত স্যালাইন গুলো সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বিক্রয় করা হচ্ছে। স্যালাইন সংকট দূরীকরণে স্যালাইন প্রস্তুতকারক প্রতিষ্ঠানের সাথে একটি আলোচনা সভা করা হয়েছে। অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে জনগণ ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করা হচ্ছে এবং ভবিষৎতে তা অব্যাহত থাকবে। জেলা ও উপজেলায় ফার্মেসীগুলোতে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে সচেতনতা সংক্রান্ত ব্যানার প্রর্দশনের ব্যবস্থা করা হয়েছে। নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলার বিভিন্ন বাজার হতে ঔষধের নমুনা উত্তোলন করা হয়েছে।

তিনি আরও বলেন, গত অক্টোবর মাসে জয়পুরহাট জেলায় ১১৪টি ফার্মেসী ও ০১টি ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। মাঠ পর্যায়ে ঔষধের মান যাচাই করার জন্য ০৮টি ঔষধের নমুনা বগুড়ার মিনি ল্যাবে এবং ০৪টি ঔষধের নমুনা ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকাতে প্রেরণ করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণ করার নিমিত্তে ঔষধ ব্যবসায়ীদের নিয়ে ০২টি জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে।

সিভিল সার্জন, জয়পুরহাট বলেন, দেশে ডেঙ্গুর প্রার্দুভাবের কারনে জয়পুরহাট জেলায় স্যালাইনের স্বল্পতা রয়েছে এবং কোন কোন ফার্মেসী বেশি দামে স্যালাইন বিক্রয় করছে। ফার্মেসীতে স্যালাইনের মজুদ ও অধিক দামে বিক্রয় রোধে জেলা ও উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা করা আবশ্যক।

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও সভার সভাপতি বলেন, ডেঙ্গু রোগের চিকিৎসায় ব্যবহৃত স্যালাইনের স্বল্পতা দূর করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি আরও বলেন,অ্যান্টিবায়োটিক পূর্ণ কোর্সে বিক্রয় করতে হবে এবং প্রত্যেক ফার্মেসীতে অ্যান্টিবায়োটিক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক ঔষধ বিক্রি বন্ধে ফার্মেসীর সম্মুখে ব্যানার প্রদর্শন করতে হবে। কোন ঔষধ ব্যবসায়ী প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক বিক্রয় করলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।

অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | ডেঙ্গু রোগের চিকিৎসায় ব্যবহৃত স্যালাইনের মজুদ রোধে এবং সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক দামে কেউ যাতে বিক্রয় করতে না পারে সে জন্য মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১)অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট<br>২) সিভিল সার্জন,জয়পুরহাট<br>৩) উপজেলা নির্বাহী অফিসারগণ,জয়পুরহাট<br>৪) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>৫) সভাপতি, বিসিডিএস,জয়পুরহাট |
| ২. | মোবাইল কোর্টের মাধ্যমে ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক বিক্রয় করলে ফার্মেসীর মালিকের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট<br>২) উপজেলা নির্বাহী অফিসারগণ,জয়পুরহাট<br>৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট |
| ৩. | ঔষধের মান যাচাই করার জন্য ঔষধের নমুনা নিয়মিত ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীতে প্রেরণ করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট |
| ৪. | নকল, ভেজাল, মেয়াদোত্তীর্ণ ঔষধ ও অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট<br>২) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>৩) সভাপতি, বিসিডিএস , জয়পুরহাট<br>৪) বাংলাদেশ হোমিওপ্যাথিক অ্যাসোসিয়েশন,জয়পুরহাট |
| ৫. | জয়পুরহাট জেলার প্রতিটি ফার্মেসীর সম্মুখে "এই ফার্মেসীতে বিএমডিসির রেজিস্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ও ফুল কোর্স ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রি করা হয় না " লিখা ব্যানার প্রদর্শন করতে হবে। | ১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>২) সভাপতি, বিসিডিএস ,জয়পুরহাট |

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

২২।১১।২৩

(সালেহীন তানভীর গাজী)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট
☎ ০২৫৮৯৯১৫০৫১
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়
ঔষধ প্রশাসন, জয়পুরহাট।

স্মারক নং :ঔপ্র/জয়/সভা/২০২০/ ১২৩৮

তারিখ: ২৮ /১১ /২০২৩ইং

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :</u>

১) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঔষধ প্রশাসন, রাজশাহী।
৪) ------------------------------------------------ ,জয়পুরহাট।

28.11.23

( মো: মোকছেদুল আমিন )
সদস্য সচিব
জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট
☎ ০২৫৮৯৯১৫৪৭৬
drugadjoypurhat@gmail.com